[redacted]

[redacted]

মুজিবনগরে ভূমিদস্যুতা, সন্ত্রাস, চাঁদাবাজি ও মাদক কারবারের বিরুদ্ধে প্রেস ব্রিফিং

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়নের রশিকপুর গ্রামে ভূমিদস্যুতা, সন্ত্রাস, চাঁদাবাজি, অবৈধ অস্ত্রের ব্যবহার ও মাদক কারবারের বিরুদ্ধে সচেতন নাগরিকদের ব্যানারে প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (২৮ অক্টোবর) বিকেল সাড়ে ৪টার দিকে রশিকপুর গ্রামের মধ্যপাড়ায় গ্রামের সর্বস্তরের জনগণের আয়োজনে এ প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়।
অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন মুজিবনগর উপজেলা বিএনপির সহ-সাংগঠনিক সম্পাদক ও মোনাখালী ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক সুরুজ আলী খান। বিশেষ অতিথি ছিলেন মেহেরপুর জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক আশাদুল হক। এতে সভাপতিত্ব করেন মোনাখালী ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি সোহরাব খান (তোতা)। অনুষ্ঠান সঞ্চালনা করেন একই ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক বিজয় গাজী।
প্রেস ব্রিফিংয়ে সুরুজ আলী খান গত ২১ অক্টোবরের একটি ঘটনার বিবরণ তুলে ধরে অভিযোগ করেন, রশিকপুর গ্রামে বিএনপির মনোনীত মেম্বার প্রার্থী হিসেবে গণসংযোগে যাওয়ার সময় ওয়াদানের দোকানের সামনে এরশাদ নামের এক ব্যক্তি তাঁর গতিরোধ করেন এবং তাঁকে গালিগালাজ করেন।
তিনি দাবি করেন, দলীয় পরিচয় নিয়ে তাঁকে অপমানজনক কথাবার্তা বলা হয়। এর প্রতিবাদ জানিয়ে বাধা দেওয়ার কারণ জানতে চাইলে ১০ থেকে ১২ জন ব্যক্তি তাঁর ওপর চড়াও হন। পরে স্থানীয় কয়েকজনের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে।
সুরুজ আলী খান আরও অভিযোগ করেন, বাড়িতে ফিরে যাওয়ার কিছুক্ষণ পর তিনি জানতে পারেন, তাঁর চাচাতো ভাই তোতার বাড়িতে হামলা ও ভাঙচুর করা হয়েছে। এ সময় তাঁর আরেক চাচাতো ভাই আসলাম হামলা ঠেকাতে এগিয়ে গেলে আশিক নামের এক ব্যক্তি পেছন থেকে দেশীয় অস্ত্র রামদা দিয়ে তাঁকে কোপ দিয়ে আহত করেন বলে তিনি দাবি করেন।

এসব ঘটনার সুষ্ঠু তদন্ত করে জড়িতদের শনাক্ত এবং তাঁদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের দাবি জানান সুরুজ আলী খান। একই সঙ্গে এলাকায় সন্ত্রাস, চাঁদাবাজি, অবৈধ অস্ত্রের ব্যবহার, মাদক কারবার ও সাধারণ মানুষের মধ্যে ভয়ভীতি সৃষ্টির মতো কর্মকাণ্ড বন্ধে প্রশাসনের কার্যকর পদক্ষেপ কামনা করেন তিনি।
প্রেস ব্রিফিংয়ে বক্তারা এলাকার শান্তি-শৃঙ্খলা বজায় রাখা, সাধারণ মানুষের জানমালের নিরাপত্তা নিশ্চিত করা এবং অপরাধের অভিযোগ নিরপেক্ষভাবে তদন্ত করে দোষীদের আইনের আওতায় আনার আহ্বান জানান।
তাঁরা বলেন, রশিকপুরসহ মুজিবনগর উপজেলার প্রতিটি এলাকায় শান্তিপূর্ণ পরিবেশ নিশ্চিত করা জরুরি। রাজনৈতিক পরিচয় কিংবা ক্ষমতার প্রভাব ব্যবহার করে কেউ যেন সাধারণ মানুষকে হয়রানি করতে না পারে, সে বিষয়ে প্রশাসনকে সতর্ক ও কার্যকর ভূমিকা পালন করতে হবে।
প্রেস ব্রিফিং থেকে সংশ্লিষ্ট প্রশাসন ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রতি ঘটনার নিরপেক্ষ তদন্ত, আসলামের ওপর হামলার অভিযোগ যাচাই এবং এলাকায় অপরাধ দমনে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের আহ্বান জানানো হয়।

ঝিনাইদহে মাদক সন্ত্রাস ও সামাজিক অবক্ষয় প্রতিরোধ বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত

ঝিনাইদহ সদর উপজেলার সাগান্না ইউনিয়নে মাদক সন্ত্রাস ও সামাজিক অবক্ষয় প্রতিরোধ বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (২৮ অক্টোবর) সকালে উপজেলার ৩নং সাগান্না ইউনিয়ন পরিষদে আনসার ও ভিডিপি সদস্যদের নিয়ে মাদক,সন্ত্রাস ও সামাজিক অবক্ষয় প্রতিরোধ বিষয়ক এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

ইউনিয়ন পরিষদের আনসার ও ভিডিপি দলনেতা পারভেজ আহম্মেদ এর আহবানে এ মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন অত্র ইউনিয়নের প্রশিক্ষিত আনসার ও

ভিডিপির ৫০ জন পুরুষ ও মহিলা সদস্যসহ স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ। মতবিনিময় সভায় ইউনিয়ন আনসার ও ভিডিপি দলনেতা উপস্থিত সদস্যদের মাঝে মাদকের ভয়াবহতা, সন্ত্রাস ও সামাজিক অবক্ষয়ের ভয়াল চিত্র বিশদভাবে তুলে ধরেন। তিনি সকলকে এ বিষয়ে সতর্ক থাকার জোর তাগিদ দেন এবং তাদের পরিবার ও আত্মীয় স্বজনসহ সকলকে মাদকমুক্ত সমাজ গঠনে ভূমিকা রাখার আহবান জানান। দলনেতা পারভেজ আহম্মেদ সকল আনসার ও ভিডিপি সদস্যদের পরিবার ও তাদের আত্মীয় স্বজনকে মাদক ও সন্ত্রাসমুক্ত রাখার ব্যাপারে জোর দাবি জানান।

গাংনীতে ৭ কেজি গাঁজাসহ মাদক কারবারি আটক

মেহেরপুরের গাংনীতে ৭ কেজি গাঁজাসহ হাসিবুল ইসলাম (৪৬) নামের এক মাদক কারবারিকে আটক করেছে স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন-এসআরবি-১২।

শনিবার (২৪ অক্টোবর) ভোর সাড়ে ৪ টার দিকে উপজেলার নওপাড়া ক্লাব পাড়া এলাকায় অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। আটক হাসিবুল ইসলাম গাংনী উপজেলার নওপাড়া গ্রামের ক্লাব পাড়ার মৃত হাবিবুর রহমানের ছেলে।

এসআরবি-১২ গাংনীস্থ ক্যাম্পের কোম্পানি কমান্ডার সহকারী পুলিশ সুপার হান্নান হাওলাদার কর্তৃক প্রেরিত প্রেস বিজ্ঞপ্তিতে জানায়, মেহেরপুরের গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের নওপাড়া ক্লাবের কাছে গাঁজা নিয়ে এক ব্যক্তি অবস্থান করছে। এমন গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালানো হয়।

এ সময় হাসিবুল ইসলাম আটক করে তার কাছ থেকে ৭ কেজি গাঁজা উদ্ধার করা হয়। উদ্ধারকৃত গাঁজাসহ আটক ব্যক্তির বিরুদ্ধে ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনের ৩৬(১) সারণির ১৯(খ) ধারায় মামলা দায়ের পুর্বক গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে।

[redacted]

[redacted]

গাংনীর দুই সীমান্তে ১২ লাখ টাকার ভারতীয় মাদকদ্রব্য উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার দুটি সীমান্তে অভিযান চালিয়ে ১২ লাখ ২৭ হাজার ৪০০ টাকা মূল্যের ভারতীয় মাদকদ্রব্য উদ্ধার করেছে ৪৭ বিজিবি।

মঙ্গলবার দুপুরে এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করেন ৪৭ বিজিবির অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল রাশেদ কামাল রনি।

বিজিবি জানায়, মঙ্গলবার ভোরে রংমহল বিওপির দায়িত্বপূর্ণ এলাকার খাসমহলে অভিযান চালিয়ে মালিকবিহীন অবস্থায় ১৬ বোতল ভারতীয় ফেনসিডিল ও ৩ হাজার পিস ডেক্সামেথাসন ট্যাবলেট উদ্ধার করা হয়। উদ্ধার করা এসব মাদকদ্রব্যের আনুমানিক সিজার মূল্য ৯ লাখ ৬ হাজার ৪০০ টাকা।

অন্যদিকে, ধলা বিওপির দায়িত্বপূর্ণ এলাকার ধলার মাঠে সুনির্দিষ্ট গোয়েন্দা তথ্যের ভিত্তিতে অভিযান চালায় বিজিবির আরেকটি টহল দল। এ সময় মালিকবিহীন অবস্থায় ৬ কেজি ভারতীয় গাঁজা, ৪৮০ পিস ডেক্সামেথাসন ট্যাবলেট ও ৫২০ পিস সাইপ্রোহেপ্টাডিন ট্যাবলেট উদ্ধার করা হয়। এসব মাদকদ্রব্যের আনুমানিক সিজার মূল্য ৩ লাখ ২১ হাজার টাকা।

বিজিবি আরও জানায়, উদ্ধার করা মাদকদ্রব্য গাংনী থানায় জমা দেওয়া হয়েছে। এ ঘটনায় পৃথক দুটি মামলা দায়ের করা হয়েছে।

ভেড়ামারায় ২৫০ ট্যাপেন্টাডল

ট্যাবলেটসহ গ্রেপ্তার ১

কুষ্টিয়ার ভেড়ামারায় পুলিশের বিশেষ অভিযানে ২৫০টি ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ স্বপন ইসলাম (৩৫) নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে।

শনিবার (১৭ অক্টোবর) সকাল সাড়ে ৫টার দিকে ভেড়ামারা উপজেলার সাতবাড়িয়া ভাঙ্গাপোল এলাকায় মেসার্স আরিফ ট্রেডার্সের দোকানের সামনে পাকা সড়ক থেকে তাঁকে গ্রেপ্তার করা হয়।

পুলিশ সূত্রে জানা গেছে, কুষ্টিয়ার পুলিশ সুপার মো. আমিনুল ইসলামের সার্বিক দিকনির্দেশনায় এবং ভেড়ামারা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. শামীম শেখের নেতৃত্বে এ অভিযান পরিচালিত হয়। গোপন সংবাদের ভিত্তিতে ভেড়ামারা থানার উপপরিদর্শক (এসআই) মো. মনোয়ার হোসেন সঙ্গীয় পুলিশ সদস্যদের নিয়ে অভিযান চালিয়ে স্বপন ইসলামকে ২৫০টি ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ গ্রেপ্তার করেন।

গ্রেপ্তার স্বপন ইসলাম কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার গাছের দিয়াড় এলাকার টলটলিপাড়ার বাসিন্দা মো. নজরুল ইসলামের ছেলে।

ভেড়ামারা থানার ওসি মো. শামীম শেখ বলেন, ২৫০টি ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ একজনকে গ্রেপ্তার করা হয়েছে। তাঁর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা করা হয়েছে।

কিশোর গ্যাংয়ের দৌরাত্ম সহ্য করা হবে না

মেহেরপুরের নবাগত পুলিশ সুপার আলী হায়দার চৌধুরী বলেন, কিশোর গ্যাং সারা বাংলাদেশের মতোই মেহেরপুরে বড় একটি সমস্যা, কিশোর গ্যাং এর দৌরাত্ম কোনভাবেই সহ্য করা হবে না এবং তাদেরকে কোন ধরনের ছাড় দেওয়া হবে না। মাদক, জুয়া অন্যান্য অপরাধের মতোই কিশোর গ্যাং এর অপরাধের বিরুদ্ধে আমরা সমান ভাবে অভিযান চালিয়ে

যাব।

মেহেরপুরে সাংবাদিকদের সাথে নবাগত পুলিশ সুপারের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। রবিবার বিকেল ৪ টায় মেহেরপুর পুলিশ সুপারের কার্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসকল কথা বলেন।

পুলিশ সদস্যের আচরণ, কার্যক্রম, কর্তব্যের অবহেলা ও দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি প্রয়োগ করা হবে। কারোও বিরুদ্ধে যদি এরকম কোন অভিযোগ আছে তাৎক্ষণিকভাবে আমরা তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থাসহ যা যা ব্যবস্থা আছে সেগুলো গ্রহণ করা হবে, এক্ষেত্রে কোন ছাড় দেওয়া হবে না। আমি প্রতিটি থানায় এবং প্রতিটি সদস্যের কাছে মেসেজটি পৌঁছে দিয়েছি। আমাদের থানাগুলোকে সেবা কেন্দ্রে পরিণত করতে হবে এবং প্রত্যেকটি সদস্যের আচার ব্যবহার হবে পেশাদারিত্বের ভিতরে। এখানে অপেশাদার আচরণ দুর্নীতি সহ্য করা হবে না।

তিনি বলেন, মহাসরকে কোন ভাবে থ্রি হুইলার বা ইজিবাইক কোনভাবেই প্রবেশ করতে দেওয়া হবে না। এটি বন্ধের জন্য কঠোরভাবে নির্দেশ করা হয়েছে যারা আমাদের মাঠ পর্যায়ে রয়েছে, এটিই আমাদের অবস্থান, এই অবস্থান থেকেই আমরা কাজ করব। সড়কের মধ্যে যেসব ইজিবাই ব্যাটারি চালিত রিকশা রয়েছে এগুলো অবাক এবং নিয়ন্ত্রণহীন ভাবে চলাচল করে , এগুলো যাতে সুশৃংখল ভাবে আইন মেনে চলাচল করতে পারে সেজন্য চেষ্টা অব্যাহত আছে। যেহেতু এখানে পার্কিংয়ের জায়গার অভাব আছে টার্মিনালের অভাব আছে এসবের কারণে আমরা রাস্তায় যানবাহনে জটলা দেখতে পাই বা রাস্তা বন্ধ করে করা হয় এসবের ব্যাপারেও আমরা সতর্ক আছি কাজ করে যাচ্ছি। আমার বিশ্বাস সকল ক্ষেত্রে আমরা দৃশ্যমান পরিবর্তন অচিরেই আনতে পারব।

তিনি আরও বলেন, নবাগত পুলিশ সুপার আলী হায়দার চৌধুরী বলেন, এই জেলায় ইতিমধ্যে আমি দেখেছি অনলাইন জুয়ার বিরুদ্ধে অনেকগুলো মামলার রুজু হয়েছে অনেক আসামি গ্রেফতার হয়েছে। অনলাইন জুয়ার কোন সীমানা নাই, আমরা যদি বলি এটা মেহেরপুর এর মধ্যে সীমাবদ্ধ সেটাও ঠিক হবে না। অনলাইন জুয়ার বিস্তার সব জায়গায় আছে, কিন্তু মেহেরপুরে এর প্রবণতা বেশি ইতিমধ্যে আমি তথ্যগুলো সংগ্রহ করেছি, এর যে মামলাগুলো রয়েছে সেগুলো আমরা মনিটরিং করব, এই মামলার সাথে জড়িত যারা আছে তাদেরকে গ্রেফতারের চেষ্টা আমরা জোরদার করব এবং যেখানেই অনলাইন জুয়ার খবর পাবো সেখানেই তাৎক্ষণিকভাবে

অভিযান চালানা করবো।

অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোহাম্মদ আতিকুল হক, অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস) মোঃ জামিনুর রহমান খানসহ সাংবাদিকদের মধ্যে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি ও যুগান্তরের জেলা প্রতিনিধি তোজাম্মেল আজম, মেহেরপুর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ও সময় টিভির জেলা প্রতিনিধি বেন ইয়ামিন, সিনিয়র সাংবাদিক রফিকুল আলম, দৈনিক ইত্তেফাকের জেলা প্রতিনিধি ফারুক মল্লিক, স্টার নিউজের ব্যুরো প্রধান রাশেদুজ্জামান, যমুনা টিভির জেলা প্রতিনিধি রামিজ আহসান, দেশ টিভির জেলা প্রতিনিধি আক্তারুজ্জামান, নিউজ টোয়েন্টিফোরের জেলা প্রতিনিধি ডালিম সারোয়ার, একাত্তর টিভির জেলা প্রতিনিধি আসিফ ইকবাল, বাংলাদেশ প্রতিদিনের জেলা প্রতিনিধি মাহাবুব হল পোলেন, বাসসের জেলা প্রতিনিধি দিলরুবা খাতুন, এশিয়া পোস্টের জেলা প্রতিনিধি খান মাহমুদ আল রাফি, দীপ্ত টিভির জেলা প্রতিনিধি জাকির হোসেনসহ প্রিন্টু ইলেকট্রিক মিডিয়ার জেলা সকল সাংবাদিকবৃন্দ।

দামুড়হুদায় ইয়াবাসহ যুবক গ্রেফতার, ১ বছরের কারাদণ্ড

চুয়াডাঙ্গার দামুড়হুদায় পুলিশের বিশেষ অভিযানে তিন পিস ইয়াবা ট্যাবলেটসহ আজগার আলী (৩৩) নামে এক যুবককে গ্রেফতার করা হয়েছে। পরে সংক্ষিপ্ত বিচার পদ্ধতিতে আদালত তাকে এক বছরের বিনাশ্রম কারাদণ্ড ও অর্থদণ্ড দিয়েছেন।

পুলিশ জানায়, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) শেখ মেসবাহ উদ্দিনের তত্ত্বাবধানে বিষ্ণুপুর পুলিশ ক্যাম্পের এসআই প্রদীপ বিশ্বাস সঙ্গীয় পুলিশ সদস্যদের নিয়ে বিশেষ অভিযান পরিচালনা করেন। গোপন সংবাদের ভিত্তিতে গত বৃহস্পতিবার রাত আনুমানিক ১১টার দিকে দামুড়হুদা উপজেলার জুড়ানপুর পূর্বপাড়া গ্রামে আফাজ্জেল হোসেনের বাড়ির সামনে পাকা সড়কে অভিযান চালানো

হয়। এ সময় ওই এলাকার আফাজ্জেল হোসেনের ছেলে আজগার আলীকে তিন পিস ইয়াবা ট্যাবলেটসহ আটক করা হয়।

পরে তাকে থানায় নিয়ে আসা হয়। গতকাল শুক্রবার সংক্ষিপ্ত বিচার পদ্ধতিতে বিচারের জন্য সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে হাজির করা হলে আদালত তাকে এক বছরের বিনাশ্রম কারাদণ্ড ও দুই হাজার টাকা অর্থদণ্ড দেন। অর্থদণ্ড অনাদায়ে তাকে আরও ১৫ দিনের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়।

দামুড়হুদা মডেল থানার ওসি শেখ মেসবাহ উদ্দিন জানান, থানা এলাকায় মাদকদ্রব্য ও অবৈধ অস্ত্র-গোলাবারুদ উদ্ধার এবং চোরাকারবারি, মাদক ক্রয়-বিক্রয়ের সঙ্গে জড়িত ব্যক্তি, দস্যু, ছিনতাইকারী ও ডাকাতসহ অবৈধ অস্ত্রধারীদের গ্রেফতারে পুলিশের অভিযান অব্যাহত রয়েছে।

কুষ্টিয়া সীমান্তে ২৩ লাখ টাকার ভারতীয় মাদক-চোরাই মাল উদ্ধার

কুষ্টিয়া সীমান্তে বিজিবির পৃথক অভিযানে ২৩ লাখ টাকার ভারতীয় মাদকদ্রব্য ও চোরাচালানি মালামাল উদ্ধার করা হয়েছে। বিজিবি জানায়, সুনির্দিষ্ট ও নির্ভরযোগ্য গোয়েন্দা তথ্যের ভিত্তিতে বুধবার (৭ অক্টোবর) রাত ১১টা ৫০ মিনিটের দিকে কাজিপুর বিওপির দায়িত্বপূর্ণ এলাকার কাজিপুর সর্দারপাড়া নামক স্থানে বিজিবির একটি দল অভিযান পরিচালনা করে। এ সময় মালিকবিহীন অবস্থায় ৪৮ পিস ইয়াবা ও একটি মোটরসাইকেল উদ্ধার করে।

একই দিন আনুমানিক সন্ধ্যা ৬টা ৩৫ মিনিটের দিকে জামালপুর বিওপির দায়িত্বপূর্ণ এলাকার মাঠপাড়া নামক স্থানে অভিযান পরিচালনা করে ৫ বোতল মদ ও ১০০০ পিস সিপ্রোহেপ্টাডিন ট্যাবলেট উদ্ধার করা হয়।

পরবর্তীতে বুধবার দিবাগত রাত ২টার দিকে জামালপুর বিওপির পাকুড়িয়া